গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর
১ কারওয়ান বাজার (টিসিবি ভবন-৮ম তলা), ঢাকা
www.dncrp.gov.bd

স্মারক: ২৬.০৪.০০০০.১০৮.০৫.০৯৬.১৮-১১৭৪

তারিখ: ২৫ ডিসেম্বর ২০১৯

বিষয়: শিক্ষা সফর/নলেজ শেয়ারিং (study tour/knowledge sharing) শীর্ষক কর্মসূচির প্রতিবেদন।
সূত্র: জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ১৮ ডিসেম্বর ২০১৯ তারিখের ২৬.০৪.০০০০.১০৮.০৫.০৯৬.১৮-১১৬৫ নম্বর পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের আলোকে জানানো যাচ্ছে যে, মন্ত্রিপরিষদ বিভাগ থেকে প্রকাশিত জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ এর অনুচ্ছেদ নং ৯.২ এর আলোকে উদ্ভাবকগণকে দেশে শিক্ষা সফর/নলেজ শেয়ারিং কর্মসূচির বিষয়ে বলা হয়েছে। সে মোতাবেক কর্মকর্তাগণকে ২০ ও ২১ ডিসেম্বর ২০১৯ তারিখ পাবনা জেলার হরিনাথপুর এসইএসডিপি মডেল হাই স্কুল ও মানব মুক্তি সংস্থা ট্রেনিং সেন্টারে শিক্ষা সফর কর্মসূচি অনুষ্ঠিত হয়। উক্ত কর্মসূচিতে নিম্নস্বাক্ষরকারী র‍্যাপোটিয়ার হিসেবে দায়িত্ব পালন করেন।

২। এমতাবস্থায়, শিক্ষা সফর/নলেজ শেয়ারিং (study tour/knowledge sharing) কর্মসূচির সংক্ষিপ্ত প্রতিবেদন তুলে ধরা হলো। কর্মসূচির সারসংক্ষেপ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য দাখিল করা হলো।

সংযুক্তি: প্রতিবেদন ২ (দুই) পাতা।

২২/১২/২০১৯
(শাহনাজ সুলতানা)
সহকারী পরিচালক (তদন্ত)
ফোন: ০২-৫৫০১৩৮৭৩
ই-মেইল: ad-investigation@dncrp.gov.bd

পরিচালক (প্রশাসন ও অর্থ)
জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।

অনুলিপি:
১। উপসচিব (প্রশাসন -১), বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
৩। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর
১ কারওয়ান বাজার (টিসিবি ভবন-৮ম তলা), ঢাকা
**www.dncrp.gov.bd**

# প্রতিবেদন

**শিরোনাম (Title):** জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের উদ্ভাবকগণের শিক্ষা সফর/নলেজ শেয়ারিং (Study/Knowledge Sharing) কর্মসূচিতে অংশগ্রহণ।

**অংশগ্রহণকারীর সংখ্যা (Number of participants)**: ১৫ (পনের) জন।

**সঞ্চালক (Facilitator)**: পরিচালক (প্রশাসন ও অর্থ)

**মূখ্য তত্ত্বাবধানকারী (principal Superviser)**: মহাপরিচালক (অতিরিক্ত সচিব), জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর।

**উদ্দেশ্য (Objectives)**: জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ অনুচ্ছেদ ৯.২ এর আলোকে উদ্ভাবকগণকে শিক্ষা সফর/নলেজ শেয়ারিং (Study/Knowledge Sharing) কর্মসূচিতে অংশগ্রহণ ।

**মূল আলোচনা:**

মন্ত্রিপরিষদ বিভাগ থেকে প্রকাশিত উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ এর অনুচ্ছেদ নং ৯.২ এর আলোকে জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের উদ্ভাবকগণকে দেশে শিক্ষা সফর/নলেজ শেয়ারিং কর্মসূচিতে প্রেরণের বিষয় বলা হয়েছে। সে মোতাবেক ২০ ও ২১ ডিসেম্বর ২০১৯ তারিখ ২ (দুই) দিনের জন্য কর্মকর্তাদেরকে শিক্ষা সফরে এসইএসডিপি মডেল হাই স্কুলে প্রেরণ করা হয়। কর্মশালার শুরুতে ২০ তারিখ সকাল ১০টায় জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের মহাপরিচালক জনাব বাবলু কুমার সাহা কর্মসূচির শুভ উদ্বোধন করেন এবং উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ এর অনুচ্ছেদ নং ৯.২ এর আলোকে শিক্ষা সফর/নলেজ শেয়ারিং এর উদ্দেশ্যে সংক্ষিপ্ত বক্তব্য রাখেন।

অধিদপ্তরের পরিচালক (প্রশাসন ও অর্থ) জনাব শামীম আল মামুন, কর্মসূচিটিতে সঞ্চালকের দায়িত্ব পালন করেন। উক্ত কর্মসূচিতে তিনি উদ্ভাবন ও সেবা সহজিকরণের তাত্বিক ও প্রয়োগিক দিক নিয়ে বিভিন্ন বিষয়ে আলোচনা করেন। অধিদপ্তরের মহাপরিচালক জনাব বাবলু কুমার সাহা মূখ্য তত্ত্বাবধানকারী হিসেবে তাঁর দীর্ঘ কর্মজীবনের অভিজ্ঞতার আলোকে সরকারি সেবাকে আরও গণমূখী করার বিভিন্ন কলাকৌশল উপস্থাপন করেন। সরকারী কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির মাধ্যমে নাগরিক সেবা সহজিকরণ ও সুশাসন সুসংহত করণে উদ্ভাবন চর্চার ভুমিকা গুরত্বপূর্ণ বলে অভিহিত করেন। মহাপরিচালক বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা আওতায় অধিদপ্তরের দুটি উদ্ভাবনী কার্যক্রম (ক) ওজন বন্ধু (খ) ডিজিটাল সেবা (ই প্রণোদনা) বাছাইকৃত সেবাসমূহকে দ্রুত বাস্তবায়ন করার লক্ষ্যে উদ্ভাবকগণকে উৎসাহ প্রদান করেন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সার্বিক সহযোগিতা করবেন মর্মে আশ্বাস দেন। এছাড়া হরিনাথপুর এসইএসডিপি মডেল হাই স্কুলের শিক্ষকবৃন্দ, কর্মকর্তাদের মাঝে ভোক্তা-অধিকার আইনের সার্বিক বিষয় তুলে ধরেন।

## অংশগ্রহণকারীদের মতামত (opinion of the participants)

কর্মশালায় অংশগ্রহণকারীদের মধ্যে অধিদপ্তরের ঢাকা বিভাগীয় কার্যালয়ের উপপরিচালক, জনাব মনজুর মোহাম্মদ শাহরিয়ার, উদ্ভাবক হিসেবে (ক) ওজন বন্ধু সেবাকে বাস্তবায়নের বিভিন্ন দিক তুলে ধরেন। এই সেবা বাস্তবায়নের মাধ্যমে জনসচেতনতা বৃদ্ধির সাথে সাথে ভোক্তাগণ সঠিক ওজন ও পরিমাপ পাবেন মর্মে তিনি উল্লেখ করেন। অন্যদিকে (খ) ডিজিটাল সেবা (ই-প্রণোদনা) সেবা গ্রহণের মাধ্যমে ভোক্তাগণ TCV (time, cost, visit) অর্থাৎ সময়, অর্থের অপচয় কম হবে এবং অফিসে আগমনের দিনও হ্রাস পেয়ে সেবার মান বৃদ্ধি পাবে। উক্ত সেবাদ্বয় গ্রহণের মাধ্যমে ভোক্তার অধিকার সুনিশ্চিত করা সম্ভব হবে। অন্যান্য অংশগ্রহণকারীগণও এ বিষয়ে একমত পোষণ করেন। ২০ ও ২১ ডিসেম্বর কর্মশালায় মানব মুক্তি সংস্থা ট্রেনিং সেন্টারের কর্মকর্তারাও অংশগ্রহণ করেন।

## মতবিনিময় (Exchange of opinions):

২১ তারিখে মানবমুক্তি সংস্থা ট্রেনিং সেন্টারের কর্মকর্তাদের সাথে মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়। উক্ত মতবিনিময় সভায় ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর সুফল সম্পর্কে অধিদপ্তরের অংশগ্রহণকারী কর্মকর্তাগণ অভিমত ব্যক্ত করেন। এই সেবাকে বাস্তবায়নের লক্ষ্যে জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর যথাযথ পদক্ষেপ গ্রহণ করায় মানবমুক্তি সংস্থার ট্রেনিং সেন্টারের কর্মকর্তা জনাব মোঃ হাবিবুল্লাহ ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি সন্তোষের সাথে জানান যে, ইতোমধ্যে অধিদপ্তরের কার্যক্রমে জনগণ অনেক সুফল পেতে শুরু করেছে। এ কার্যক্রমকে আরও সম্প্রসারিত করার জন্য আহবান জানান।

২১ ডিসেম্বর ২০১৯ তারিখ মূখ্য তত্ত্বাবধানকারী অংশগ্রহণকারী সকলকে ধন্যবাদ জানিয়ে এ কর্মসূচির আনুষ্ঠানিক সমাপ্তি ঘোষণা করেন।